



‘বড় হয়ে টাকা রোজগার করব এমন চিন্তা না-করে যে কাজটা করছ সেটা মন দিয়ে করে যাও। সেটা পড়াশোনা হোক বা খেলা, দেখবে সাফল্য তোমায় নিজে থেকেই ধরা দেবে।’ জীবনে সাফল্য আসবে কোন পথে, সে প্রশ্নের উত্তরে বুধবার নিউ টাউন স্কুলের পড়ুাদের এমনটাই জানালেন জাতীয় পুরস্কারপ্রাপ্ত অভিনেতা ইরফান খান। নিজের আগামী ছবি ‘হিন্দি মিডিয়াম’-এর প্রচারে এ দিন ওই স্কুলে এসেছিলেন ইরফান। সেখানেই অনুরাগ ত্রিবেদী নামে এক পড়ুয়া তাঁকে প্রশ্ন করে, কোন মাধ্যমে পড়াশোনা করা উচিত? উত্তরে ইরফান বলেন, ‘কোন মাধ্যমে পড়বে সেটা বড় বিষয় নয়, কী পড়বে সেটা ঠিক করা বেশি জরুরি। অভিভাবকদের উদ্দেশ্যে ইরফান বলেন, ‘সন্তানের উপরে চাপ সৃষ্টি করবেন না।’

— এই সময়